

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঈদ ও জুমু'আয় সালাত দীর্ঘ করা এবং খুতবাকে সংক্ষিপ্ত করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِإِطَالَةِ الصَّلَاةِ وَقَصْرِ الْخُطْبَةِ فِي الْأَعِيادِ وَالْجَمَعَاتِ

আরবী

2780 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا سُرِيجُ بْنُ يُونُسَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبْجَرَ عَنْ أَبِيهِ عَنْ وَاصِلِ بْنِ حَيَّانَ قَالَ: قَالَ أَبُو وَائِلٍ: خَطَبَنَا عَمَّارُ بْنُ يَاسِرٍ فَأَوْجَزَ وَأَبْلَغَ فَلَمَّا نَزَلَ قُلْنَا: يَا أَبَا الْيَقْظَانِ لَقَدْ أَبْلَغْتَ وَأَوْجَزْتَ فَلَوْ كُنْتَ تَنْفَسْتَ فَقَالَ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ طُولَ صَلَاتِ الرَّجُلِ وَقِصْرَ خُطْبَتِهِ مَئِنَّةٌ مِنْ فِقْهِ الرَّجُلِ فَأَطْبِلُوا الصَّلَاةَ وَاقْصُرُوا الْخُطْبَةَ وَإِنَّ مِنَ الْبَيَانِ سَحْراً) الرَّاوِي : أَبُو وَائِلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2780 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (618): م.

বাংলা

২৭৮০. আবু ওয়াইল রহিমাহল্লাহ বলেন, “আম্মার বিন ইয়াসার রাদিয়াল্লাহ আনহু আমাদের উদ্দেশ্যে খুতবা দেন। তিনি খুতবাকে অলঙ্কারপূর্ণ ও সংক্ষিপ্ত করেন। অতঃপর যখন তিনি মিস্বার থেকে অবতরণ করেন, তখন আমরা তাঁকে বললাম, “হে আবুল ইয়াকয়োন, নিশ্চয়ই আপনি খুতবাকে অলঙ্কারপূর্ণ ও সংক্ষিপ্ত করেছেন। যদি আপনি দীর্ঘ খুতবা দিতেন (তবে সেটা কতইনা ভালো হতো)।” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, ‘নিশ্চয় সালাতকে দীর্ঘ করা আর খুতবাকে সংক্ষেপ করা ব্যক্তির বুদ্ধিমত্তার পরিচায়ক। কাজেই তোমরা সালাতকে দীর্ঘ করবে আর খুতবাকে সংক্ষেপ করবে। আর নিশ্চয়ই কিছু বক্তব্যের মাঝে যাদু আছে।’”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১৬৪২; সহীহ মুসলিম: ৮৬৯; মুসনাদ আহমাদ: ৪/২৬৩; দারেমী: ১/৩৬৫; সহীহ ইবনু

খুয়াইমাহ: ১৭৮২; আবু দাউদ: ১১০৬; হাকিম: ১/২৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তেব হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরগান্দিন আলবানী রহিমাত্তেব হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৬১৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু ওয়াইল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92110>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন